

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী কমিশনার ভূমি এর কার্যালয়
নকলা, শেরপুর

তারিখ: ২৯-১২-২০২৪ খ্রি।

স্মারক নং-০৫.৪৫.৮৯৬৭.০০২.১১.০০১.২৪- ৬৩৭

জলমহাল বন্দোবস্ত/ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

শেরপুর জেলাধীন নকলা উপজেলায় ইজারায়োগ্য বন্ধ জলমহাল (২০ একরের নিম্নে) বাংলা ১৪৩২ সনের ০১ বৈশাখ হতে ১৪৩৪ সনের ৩০ চৈত্র পর্যন্ত সময়ের জন্য ইজারা প্রদানের নিমিত্তে সমবায় অধিদপ্তর বা সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতির নিকট হতে <http://jm.lams.gov.bd/> এ অনলাইনে দরপত্র আহবান করা যাচ্ছে।


২. আবেদনপত্র নিম্নবর্ণিত সময়সূচী মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি), নকলা, শেরপুর এর কার্যালয় হতে ক্রয় করা যাবে এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নকলা, শেরপুর এ জমা প্রদান করা যাবে। বিস্তারিত তথ্য সহকারী কমিশনার (ভূমি), নকলা, শেরপুর এর কার্যালয় হতে জানা যাবে।
৩. আবেদন পত্রের সাথে ২০% অর্থ জামানত হিসেবে উপজেলা নির্বাহী অফিসার, নকলা, শেরপুর এর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফটের মাধ্যমে জমা দিতে হবে।
৪. ইজারা প্রাপ্তির পর ইজারা মূল্যের উপর ১০% আয়কর এবং ১৫% মূল্য সংযোজন কর জমা দিতে হবে।
৫. এই বিজ্ঞপ্তিতে আবেদন পত্রের সাথে সংযুক্ত উল্লিখিত শর্তাবলীসমূহ নিম্নবর্ণিত জলমহাল সমূহের ইজারার শর্তাবলী হিসেবে বিবেচিত হবে।
৬. জলমহাল বন্দোবস্ত/ইজারা প্রদান ফরমের ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরৎযোগ্য) নগদ জমা প্রদানের মাধ্যমে দরপত্র ফরম পাওয়া যাবে।
৭. আবেদন পত্রে উল্লিখিত সম্পূর্ণ টাকা এবং আয়কর ও ভ্যাট জমা দেওয়ার পর জলমহালের দখল ইজারাদারের নিকট বুকিয়ে দেওয়া হবে।
৮. কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

জলমহাল

| ক্র: নং | উপজেলার নাম | জলমহালের নাম | আয়তন | ইজারার মেয়াদকাল | সরকারী মূল্য | মন্তব্য |
|---------|-------------|--------------------|--------------|--|--------------|---------|
| ১ | নকলা | মেহেদীডাঙ্গা পুকুর | ১২.৪৩ একর | বাংলা ১৪৩২ সনের ০১ বৈশাখ হতে ১৪৩৪ সনের ৩০ চৈত্র পর্যন্ত | ৬,৮২,৫০০/- | - |

সময়সূচীঃ

| ক্র: নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---------|--|--|
| ১ | ০১ মাঘ থেকে ১৪ মাঘের মধ্যে | অনলাইনে ইজারার আবেদন দাখিল। |
| ২ | ১৪ মাঘ থেকে পরবর্তী ৩(তিন) কার্যদিবসের মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |
| ৩ | ২০ মাঘ থেকে ২৬ মাঘের মধ্যে | অনলাইনের প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ৪ | ২৭ মাঘ থেকে ০৪ ফাল্গুনের মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন। |
| ৫ | ০৫ ফাল্গুন থেকে ২৫ ফাল্গুনের মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ৬ | ২৬ ফাল্গুন থেকে ২৮ ফাল্গুনের মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারাদেশ প্রদান ও ইজারাগ্রহীতাকে অবহিতকরণ। |
| ৭ | ২১ ফাল্গুন থেকে ২০ চৈত্রের মধ্যে | ইজারাগ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্যে ইজারামূল্য ও অন্যান্য সরকারী করাদি জমা প্রদান এবং ইজারাগ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ৮ | ১ বৈশাখ | ইজারা গৃহীতাকে জলমহালের দখল বুকিয়ে দেয়া। |



(দীপ জন মিত্র)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
নকলা, শেরপুর